গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
সদর, রংপুর

## সভার নোটিশ

আগামী ২০/০২/২০২২ খ্রিঃ তারিখ সকাল-১০.৩০ ঘটিকায় কৃষি ও সেচ সম্পর্কিত উপজেলা কমিটির এক জরুরী সভা নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো ।

আলোচ্য বিষয়
১। খরিপ-১ মৌসুমে গৃহীত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে আলোচনা ।
২। পাট চাষে আধুনিক প্রযুক্তি ব্যবহার সর্ম্পকে আলোচনা।
৩। আউশ ধানে সেচ কার্যক্রম সম্পর্কে আলোচনা ।
৪। বিবিধ।

১৫/০২/২২
(মোছাঃ আনিয়া আকতার)
উপজেলা কৃষি অফিসার
রংপুর সদর, রংপুর।

স্মারক নং-১২.১৮.৮৫৪৯.০৩৯.১৬.০০০.২২.৬৫ তারিখ: ১৫/০২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও সভায় উপস্থিত থাকার জন্য প্রেরণ করা হলো ।
১। জনাব মোঃ মাসুদার রহমান মিলন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,রংপুর সদর,রংপুর।
২। জনাব মোছাঃ কাজলী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,রংপুর সদর,রংপুর।
৩। জনাব মোঃ সোহেল রানা, চেয়ারম্যান, সদ্যপুষ্করণী ইউপি, রংপুর সদর, রংপুর।
৪। জনাব মো: মিনহাজুল ইসলাম, চেয়ারম্যান, মমিনপুর ইউপি, রংপুর সদর, রংপুর।

# উপজেলা কৃষি ও সেচ কমিটির সভায় উপস্থিতির হাজিরা

তারিখঃ ২০/০২/২০২২

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মাসুদার রহমান মিলন | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর। | |
| ২ | জনাব মোছাঃ কাজলী বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর। | |
| ৩ | জনাব মোঃ সোহেল রানা | চেয়ারম্যান, সদ্যপুষ্করণী ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর। | |
| ৪ | জনাব জনাব মো: মিনহাজুল ইসলাম | চেয়ারম্যান, মমিনপুর ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর। | |
| ৫ | জনাব মোছা: তানিয়া আকতার | উপজেলা কৃষি অফিসার রংপুর সদর,রংপুর। | |

CamScanner

# কৃষি ও সেচ সম্পর্কিত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

## রংপুর সদর,রংপুর ।

সভাপতি ঃ জনাব মোঃ মাসুদার রহমান মিলন
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
রংপুর সদর,রংপুর।

তারিখ ঃ ২০/০২/২০২২ খ্রিঃ

সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা

স্থান ঃ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, সদর, রংপুর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ

| ক্রঃ নং | নাম পদবী | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মাসুদার রহমান মিলন | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ,রংপুর সদর,রংপুর। | স্বাক্ষরিত |
| ২ | জনাব মোছাঃ কাজলী বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,রংপুর সদর,রংপুর। | স্বাক্ষরিত |
| ৩ | জনাব মোঃ সোহেল রানা | চেয়ারম্যান, সদ্যপুষ্করণী ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর। | স্বাক্ষরিত |
| ৪ | জনাব মোঃ মিনহাজুল ইসলাম | চেয়ারম্যান, মমিনপুর ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর। | স্বাক্ষরিত |
| ৬ | জনাব মোছাঃ তানিয়া আকতার | উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর,রংপুর। | স্বাক্ষরিত |

সভার শুরুতে জনাব মোঃ মাসুদার রহমান মিলন ,ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর রংপুর ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ সম্পর্কিত কমিটি উপজেলা পরিষদ,সদর,রংপুর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ সম্পর্কিত কমিটি, সদর, রংপুরকে অনুরোধ জানান। উপজেলা কৃষি অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা করেন।

আলোচনা - ০১ঃ গত সভার কার্যবিবরণী অনুমোদন ।

উপজেলা কৃষি অফিসার গত সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।
সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরনী অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা - ০২ ঃ উপজেলা গভর্ন্যান্স প্রজেক্টের আওতায় প্রকল্প সমুহের বর্তমান অবস্থা পর্যালোচনা।

উপজেলা কৃষি অফিসার সকলের অবগতির জন্য জানান যে,উপজেলা গভর্ন্যান্স প্রজেক্টের আওতায় ভার্মি কম্পোষ্ট উৎপাদন ও ব্যবহার প্রকল্পের কৃষক প্রশিক্ষন চলমান রাখার জন্য অর্থের প্রয়োজন । এ ব্যাপারে একটি বাজেট প্রস্তুত করা প্রয়োজন । সভায় সকলে প্রকল্পের কার্যক্রম চলমান রাখার জন্য মতামত দেন ।

সিদ্ধান্ত ঃ প্রকল্প চলমান রাখার জন্য চাষী প্রশিক্ষন দ্রুত বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা -০৩ঃ খরিপ-১ মৌসুমে গৃহীত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে আলোচনা

উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, খরিপ-১ মৌসুমে ১৬৬২ হেক্টর জমিতে আউশ ধানের আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আউশ ধান চাষ বৃদ্ধির জন্য আধুনিক প্রযুক্তি ব্যবহার করার জন্য কৃষকদের পরামর্শ প্রদান করা হয়েছে এবং কৃষক দলীয় সভায় আলোচনা করা হচ্ছে। আউশ ধানের জমিতে সেচ প্রদান করার জন্য কৃষকদের পরামর্শ প্রদান করা হয়েছে । এছাড়াও পাট, ভুট্টা চাষে আধুনিক প্রযুক্তি ব্যবহার ও গ্রীষ্মকালীন শাকসবজির নিরাপদ চাষাবাদ সম্পর্কে কৃষকদের পরামর্শ প্রদান করা হয়েছে। সভায় সভাপতিসহ অন্যান্য সদস্যগন বলেন যে, ধান সহ অন্যান্য ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের অধিক হারে আধুনিক প্রযুক্তি ব্যবহারে উৎসাহিত করা প্রয়োজন।

CS CamScanner

সিদ্ধান্ত ঃ কৃষি দপ্তরের সকল স্তরের কর্মকর্তাদের মাধ্যমে অধিক হারে আধুনিক প্রযুক্তি ব্যবহারে ফসল উৎপাদন , আউশ ধানের জমিতে সেচ প্রদান এবং চাষীদের নিরাপদ সবজি উৎপাদন বিয়য়ে উৎসাহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা -০৪ রাসায়নিক সারের মজুদ ও সরবরাহ পরিস্থিতি প্রসঙ্গে আলোচনা ।

উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, রাসায়নিক সারের মজুদ ও সরবরাহ পরিস্থিতি সন্তোষজনক পর্যায়ে রয়েছে,সভাপতিসহ অন্যান্য সদস্যগন সারের সরবরাহ পরিস্থিতি মনিটরিং জোরদার রাখার পরামর্শ দেন।

সিদ্ধান্তঃ

উপজেলা কৃষি অফিসার তার দপ্তরের কর্মকর্তাদের মাধ্যমে রাসায়নিক সারের মজুদ,বিক্রয় ও সরবরাহ পরিস্থিতি মনিটরিং জোরদার রাখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রকল্প গ্রহনের প্রস্তাব প্রেরণ সম্পর্কে আলোচনা ঃ-

উপজেলা কৃষি অফিসার জানান যে ,কৃষকদের স্থানীয় চাহিদা থাকায় তাদের দক্ষতা বৃদ্ধির জন্য নিম্ন লিখিত প্রকল্পগুলি বাস্তবায়ন করা যেতে পারে।

১। নিরাপদ সবজি উৎপাদন বিষয়ক কৃষক প্রশিক্ষণ।
২। ফুল চাষে দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ।
৩। ছাদ বাগান বিষয়ক কৃষক প্রশিক্ষণ।
৪। অনলাইন ভিত্তিক কৃষি ও নাগরিক সেবা গ্রহন দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ।
৫। মাটির স্বাস্থ্য সুরক্ষায় ভার্মিকম্পোষ্ট উৎপাদন ও ব্যবহার বিষয়ক কৃষক প্রশিক্ষণ ।
৬। মাল্টা ও ড্রাগন ফ্রুট চাষের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ ।

সিদ্ধান্তঃ

উপরোক্ত প্রকল্প প্রণয়নের প্রস্তাব উপজেলা পরিষদে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

জনাব মোঃ মাসুদার রহমান মিলন
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, রংপুর সদর,রংপুর।
ও
সভাপতি
কৃষি ও সেচ সম্পর্কিত উপজেলা কমিটি

তারিখ ঃ ২০/০২/২০২২ খ্রিঃ

স্মারক নং ঃ ১২.১৮.৮৫৪৯.০৩৯.৪০.০০০.২২.৭৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,রংপুর সদর,রংপুর।
২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,রংপুর সদর ,রংপুর ।
৩। চেয়ারম্যান,মমিনপুর ইউনিয়ন পরিষদ, সদর,রংপুর।
৪। চেয়ারম্যান,সদ্যপুস্করিণী ইউনিয়ন পরিষদ,সদর,রংপুর।

২৪/০২/২২
(মোছাঃ তানিয়া আকতার)
উপজেলা কৃষি অফিসার
রংপুর সদর, রংপুর
ও
সদস্য সচিব
কৃষি ও সেচ সম্পর্কিত উপজেলা কমিটি

বিতরণ ঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সদর,রংপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, সদর,রংপুর।

CamScanner